**[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

**<u>বিশেষ আদেশ</u>**

বিশেষ আদেশ নং-৩/মূসক/২০২৩ তারিখঃ ০৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ। / ২০ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কে ড্রেজারসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ সরবরাহের ক্ষেত্রে আরোপনীয় মূল্য সংযোজন কর (মূসক) হইতে অব্যাহতি প্রদান।**

যেহেতু, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কর্তৃক International Competitive Tendering (ICT) পদ্ধতিতে বৈদেশিক মুদ্রায় আন্তর্জাতিক দরপত্র আহবান করা হইয়াছিল; এবং

যেহেতু, উক্ত আন্তর্জাতিক দরপত্রসমূহের বিপরীতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এবং কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড এর মধ্যে চুক্তি সম্পাদিত হইয়াছে; এবং

যেহেতু, কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড কর্তৃক উক্ত দরপত্রসমূহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় ঋণপত্র স্থাপিত হইয়াছে; এবং

যেহেতু, বৈদেশিক মুদ্রায় বিল পরিশোধ করা হইলে সরবরাহটি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর উপ-ধারা (৬২) এর দফা (খ) এবং তদালোকে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা,২০১৬ এর বিধি ১৮ক অনুযায়ী প্রচ্ছন্ন রপ্তানি হিসেবে বিবেচিত হইতো; এবং

যেহেতু, বর্তমান অর্থনৈতিক পরিস্থিতির কারণে ঠিকাদারকে চুক্তি অনুযায়ী বৈদেশিক মুদ্রা অর্থ্যাৎ মার্কিন ডলার পরিশোধ করা যাচ্ছে না মর্মে নৌপরিবহন মন্ত্রণালয় অবহিত করিয়াছে; এবং

যেহেতু, বৈদেশিক মুদ্রার অর্থ্যাৎ মার্কিন ডলারের পরিবর্তে সমপরিমাণ বাংলাদেশী মুদ্রায় বিল পরিশোধ করা হইলে উহা প্রচ্ছন্ন রপ্তানী হিসাবে বিবেচনা করিবার জন্য নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ করা হইয়াছে; এবং

যেহেতু, অর্থনৈতিক পরিস্থিতি বা অন্য কোন কারণে উক্ত সরবরাহের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় বিল পরিশোধ না হইলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ এর ধারা ২ এর উপ-ধারা (৬২) এর দফা (খ) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা,২০১৬ এর বিধি ১৮ক অনুযায়ী সরবরাহটিকে প্রচ্ছন্ন রপ্তানী হিসেবে বিবেচনা করিবার সুযোগ নাই;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড কর্তৃক বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কে Invitation Ref No:18.11.0000.311.14.080.2021/2667 এর বিপরীতে ০১ টি সাকশন ড্রেজারসহ আনুষাঙ্গিক

সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ (প্যাকেজ-০১ লট-০১), Invitation Ref No:18.11.0000.311.14.081.2021/2668 এর বিপরীতে ০১ টি সাকশন ড্রেজারসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ (প্যাকেজ-০১, লট-০২) এবং Invitation Ref No:18.11.0000.311.14.085.2021/2672 এর বিপরীতে ০২ টি সাকশন ড্রেজারসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ (প্যাকেজ-১৩ লট-০২) সর্বমোট ০৪টি সাকশন ড্রেজারসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি ও খুচরা যন্ত্রাংশ সরবরাহের ক্ষেত্রে শুধুমাত্র বৈদেশিক মুদ্রা সংশ্লিষ্ট সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষ্যে অব্যাহতি প্রদান করিলঃ

**"শর্ত"**

সম্পাদিত চুক্তি অনুযায়ী মার্কিন ডলারের পরিবর্তে বাংলাদেশী টাকায় মূল্য পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

20.02.2023

(মোহাম্মদ হাসমত আলী)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
[ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৭.১৪/৫৭ (১৯) তারিখঃ ২০ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২-৪। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ ঢাকা(পূর্ব)/ ঢাকা(পশ্চিম) /রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৭। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা।
১৮। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ]।
১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
২০। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [ চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য ]।
২১। একান্ত সচিব, সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য ]।
২২। কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড, ফ্ল্যাট-৩সি, বাড়ি নং-৬, রোড নং-০২, বনানী, ঢাকা-১২১৩।

20/02/২৩

( কাজী রেজাউল হাসান )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)